

## অন্ন আসেনা

আব্দুর রহমান আবিদ

ঘোলা জল আসে অবিরাম ধারা  
দিগন্তব্যাপী শুধু হাহাকার;  
মানুষে-পশুতে অদ্ভুত মিল, ভালবাসাবাসি  
প্রাণহীন দেহে একাত্বতা ।

শব ভেসে আসে, শব ভেসে যায়, সব চলে যায়  
প্রেম-ভালবাসা, মায়া-দয়া সব বানে ধুয়ে নেয়;  
থাকে শুধু চোখে মলিন আশা, ক্ষিপ্ত বাসনা  
নোনা জল সব চোখেতে শুকায় ।

শীর্ণ দেহ তবু চেয়ে থাকে আকাশপানে  
দেবতারা যদি মুখ তুলে চায়, অন্ন পাঠায়!  
দেবতা আসেন সাগরপারের তৃপ্ত বদনে  
অন্ন আসেনা ।

হায়রে অন্ন, ক্ষুধার অন্ন, সাগর পেরিয়ে এসেও আসেনা  
অন্ন আসেনা  
অন্ন আসেনা  
অন্ন আসেনা ।।

## শহীদ নূর হোসেন

আব্দুর রহমান আবিদ

ঋজু দেহ তার, প্রশস্ত বুক  
চোখেতে দিগ্ধী ভারী  
মিছিলের আগে একে বঁকে চলে  
থেকে থেকে হুংকারী ।

মনেতে হঠাৎ কি জানি কি জাগে  
খুলে ফেলে গা'র জামা  
চমকে তা দেখে নেত্রী বলেন  
ওরে তোরা ওকে থামা ।

করেছে কি কাজ পাগল ছেলেটা  
লিখেছে নিজের শরীরে  
আইনের হাতে আটকে যাবে যে  
হারাতে প্রাণটা বেঘোরে ।

তপ্ত হাসিতে ভরে তার মুখ  
নোয়ায় সে উঁচু মাথা  
“নেত্রী প্রাণের দোয়া করো মোরে  
দিও না আমারে বাঁধা” ।

“শপথ প্রাণের নিয়েছি আজকে  
ভাঙবো যত এ শৃংখল  
গনতন্ত্রকে আনবো ফিরিয়ে  
চলবে মোদের এ হরতাল” ।

পদক্ষেপ তার দৃপ্ত যে ভারী  
ছুটে চলে তীর বেগে  
পুলিশের যত বেরিকেড সব  
ভেঙে ফেলে একে একে ।

কিন্তু হঠাৎ পুলিশের গুলি  
ছুটে আসে ঝাঁকে ঝাঁক  
রক্তে যে তার মুছে যায় লেখা :  
‘গনতন্ত্র মুক্তি পাক’ ।

রাজপথ তার রক্তে রাঙিয়ে  
দিল যে স্বৈরাচার  
নূর হোসেনের বুকের রক্ত  
শহীদী রক্তে একাকার ।।

(এরশাদবিরোধী আন্দোলনে জীবন দানকারী, শহীদ নূর হোসেনের স্মৃতির উদ্দেশ্যে একসময় লিখিত)